# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট।

আলমপুর, দক্ষিণ সুরমা, সিলেট।

www. sylhetboard.gov.bd, e-mail: sbcontroller16@gmail.com


(একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত)

স্মারক নং ঃ সিশিবো/পনি/জেএসসি/২০২১/৫২১

তারিখঃ ৩০ কার্তিক, ১৪২৮ বঙ্গাব্দ / ১৫নভেম্বর, ২০২১ খ্রিস্টাব্দ

## ২০২১ সালের জেএসসি পরীক্ষার শিক্ষার্থীদের online এ ফরম পূরণের বিজ্ঞপ্তি

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট এর আওতাধীন সকল বিদ্যালয় প্রধান এবং সংশ্লিষ্ট সকলকে শিক্ষা মন্ত্রণালয়ের পত্র নং ঃ ৩৭.০০.০০০০.০৭১.০৯.০০১.১৭-৬২৩ তারিখ-০৪/১১/২০২১ এর পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে, করোনা ভাইরাস সংক্রমণের সার্বিক পরিস্থিতি এবং শ্রেণিকক্ষে শিখন-শেখানো কার্যক্রম বিবেচনায় ২০২১ সালের জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) পরীক্ষার শিক্ষার্থীদের স্ব-স্ব শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক বার্ষিক পরীক্ষা ও অ্যাসাইনমেন্টের ভিত্তিতে মূল্যায়ন করে নবম শ্রেণিতে উত্তীর্ণ করতে হবে। ২০২১ সালের জেএসসি পরীক্ষার্থীদের স্ব স্ব প্রতিষ্ঠানে বার্ষিক পরীক্ষা ও অ্যাসাইনমেন্টের মূল্যায়ন করে প্রস্তুতকৃত ফলাফলের ভিত্তিতে বোর্ড থেকে উত্তীর্ণ সনদ প্রদানের জন্য আগামী ১১/১২/২০২১ তারিখ থেকে ২০/১২/২০২১ তারিখের মধ্যে অষ্টম শ্রেণির বার্ষিক পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীদের ফরম পূরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

সিলেট শিক্ষা বোর্ডের ওয়েবসাইটে (www.sylhetboard.gov.bd—›Student Management—›eff Confirmation Panel) গিয়ে ফরম পূরণের ব্যবস্থা করতে হবে। উল্লেখ্য, **জেএসসি রেজিষ্ট্রেশনের Password ই ফরম পূরণের Password হিসেবে ব্যবহৃত হবে।**

- ফরম পূরণের জন্য কোন ফি প্রয়োজন হবে না।
- ফরম পূরণে ব্যর্থ শিক্ষার্থী অষ্টম শ্রেণিতে অনুত্তীর্ণ শিক্ষার্থী হিসেবে বিবেচিত হবে অর্থাৎ নবম শ্রেণিতে ভর্তি ও রেজিস্ট্রেশনের সুযোগ পাবে না।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

(প্রফেসর অরুন চন্দ্র পাল)
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
সিলেট।
ফোন: ০২৯৯৬৬৪৩৪৩৫

**অনুলিপি প্রেরিত হলো :**

সদয় জ্ঞাতার্থে :

১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।

কার্যার্থে :

১। বিদ্যালয় পরিদর্শক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট।
২। সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট।
৩। সিলেট শিক্ষা বোর্ডের আওতাধীন জেএসসি পরীক্ষা- সংশ্লিষ্ট সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধান।
৪। সংরক্ষণ নথি।